# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪১৪

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - পাদুকা সম্পর্কীয় বর্ণনা

## আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَنْتَعِلَ الرَّجُلُ قَائِمًا. رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

৪৪১৪-[৮] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে জুতা পরিধান করতে নিষেধ করেছেন। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৪১৩৫, ইবনু মাজাহ ৩৬১৮-৩৬১৯, সিলসিলাতুস্ সহীহাহ্ ৭১৯, তিরমিযী ১৭৭৫, মুসনাদে আবূ ইয়া‘লা ৩০৭৭, মুসান্নাফ ‘আবদুর রায্যাক ২০২১৮, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৪৯৩৬, শু‘আবুল ঈমান ৬২৭৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ‘আল্লামা খত্ত্বাবী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে জুতা পড়তে নিষেধ করেছেন । এর কারণ হলো, বসে জুতা পরিধান করা অনেক সহজ। অন্যদিকে দাঁড়িয়ে জুতা পরিধান করা উল্টে পড়ে যাওয়ার কারণও হতে পারে এবং শরীরের ভারসাম্য রক্ষা করতে ব্যর্থ হবে। এজন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বসে জুতা পরিধান করার নির্দেশ দিয়েছেন যাতে নিরাপদে তা পরিধানে হাতের সাহায্য গ্রহণ করা যায়। আল্লাহ অধিক জানেন। (‘আওনুল মা‘বূদ ৭ম খন্ড, হাঃ ৪১৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75138

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন